BGMEA

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৫/২৯০

তারিখ ঃ ১৭ ডিসেম্বর ২০২৫

## সকল সম্মানিত সদস্যের জন্য

**বিষয়ঃ শিল্প সম্পর্ক বিষয়ক ১৯৩তম প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রাণালয়াধীন শ্রম অধিদপ্তরের শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারী, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিয়মিতভাবে ০৪ (চার) সপ্তাহ মেয়াদী "শিল্প সম্পর্ক বিষয়ক" প্রশিক্ষণ কোর্স পরিচালনা করছে। উক্ত কোর্সে বাংলাদেশ শ্রম আইন-২০০৬ (সংশোধিত, ২০১৮) এর ৩৪৮(৬) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (সংশোধিত-২০২২) এর বিধি ৩৬৬ক বিধির বিধান মতে এ আইনের উপর মালিক, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শ্রমিক ও শ্রমিক প্রতিনিধিগনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে এ দপ্তরের অধিক্ষেত্রে (ঢাকা ও ময়মনসিংহ বিভাগ) সরকার কর্তৃক নির্ধারিত "উপযুক্ত কর্তৃপক্ষ"। কলকারখানা, শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানের শ্রমিকের অধিকার ও কল্যাণ নিশ্চিত করণে সংশ্লিষ্টদের সচেতন, শিল্পে শান্তি, শৃঙ্খলা ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রেখে নিরবিচ্ছিন্ন উৎপাদন অব্যহত রাখার লক্ষ্যে এ শিক্ষায়তন কল-কারখানা ও শিল্প প্রতিষ্ঠানে শ্রম আইন, শ্রম বিধিমালা, শ্রম প্রশাসন, আইএলও কনভেনশন, শ্রম অর্থনীতি, শিল্প সম্পর্ক, শ্রম কল্যাণ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, বিশ্বায়ন, প্রাথমিক স্বাষ্থ্য পরিচর্যা, অটিজম, জেন্ডার ইস্যু, শিশু শ্রম নিরসন, গৃহকর্মী কল্যাণ ও সুরক্ষা নীতি ২০১৫, নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০, তথ্য অধিকার আইন-২০০৯, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫, অগ্নি প্রতিরোধ ও নির্বাপক আইন-২০০৩, টেকসই ও অন্তর্ভুক্তি মূলক শ্রম, সাপ্লাই চেইন, শোভন কর্মপরিবেশ, ৪র্থ শিল্প বিপ্লব,পরিবেশ ও জলবায়ু পরিবর্তন, জাস্ট ট্রানজিশন, সামাজিক ন্যায়বিচার প্রভৃতি বিষয়ে চার সপ্তাহ মেয়াদী "শিল্প সম্পর্ক" প্রশিক্ষণ কোর্সের আয়োজন করেছে।

বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (সংশোধিত-২০২২) এর ৩৬৬ক(৬) বিধির বিধান মতে বিদ্যমান আইনের আলোকে গঠিত সেইফটি কমিটি ও অংশগ্রহন কারী কমিটির সদস্যগণ বছরে অন্তত একবার সংশ্লিষ্ট বিষয়ে অধিক্ষেত্রাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহন এবং এই মর্মে শিল্প সম্পর্ক শিক্ষায়তন প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র গ্রহন করার বিধান রয়েছে।

শিল্প সম্পর্ক শিক্ষায়তন (IRI), টংঙ্গী, গাজীপুর এর প্রশিক্ষণ কক্ষে ০৪ (চার) সপ্তাহ মেয়াদী ১৯৩তম "শিল্প সম্পর্ক" কোর্স আগামী ০৪ জানুয়ারী, ২০২৬ খ্রি. তারিখ হতে ২৯ জানুয়ারী, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য কোর্সে প্রশিক্ষন গ্রহন করার জন্য আপনার কারখানায় কর্মরত ব্যবস্থাপনামূলক কাজে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, শ্রমিক প্রতিনিধি এবং সাধারণ শ্রমিক বা কর্মচারী সমন্বয় প্রশিক্ষণার্থীদের মনোনয়ন দিয়ে সংযুক্ত ছক অনুযায়ী তথ্য আগামী ০১ জানুয়ারী ২০২৬ খ্রি. তারিখের মধ্যে পত্র মারফত শিল্প সম্পর্ক শিক্ষায়তন (IRI), টংগী, গাজীপুর অথবা director.iritongi@gmail.com ই-মেইলে (সফটকপি) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্র নং | বাংলা/ ইংরেজী | প্রশিক্ষণার্থীর নাম | পদবী | মাতার নাম | এনআইডি/ জন্ম নিবন্ধন নং | পিতার নাম | মোবাইল নং | জেন্ডার | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | | শ্রমিক/মালিক প্রতিনিধি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বাংলা | | | (বাং) | (ইং) | ইংরেজী | | | ইংরেজী | | |
| | ইংরেজী | | | | | বাংলা | | | বাংলা | | |

ধন্যবাদান্তে,

২৯/১২/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব

বিঃ দ্রঃ মনোনয়ন পাঠানোর ঠিকানা ঃ পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, আইআরআই রোড, টঙ্গী, গাজীপুর।
ই-মেইল ঃ director.iritongi@gmail.com/অথবা যোগাযোগের মোবাইল নং-০১৭৬৬২৭৭৮৯০, জনাব মোঃ আব্দুল হান্নান, গবেষণা কর্মকর্তা)

Amir Hossain